# নভেম্বর থেকে সেন্টমার্টিন ভ্রমণে সুযোগ, সীমিত থাকবে রাত্রিযাপন



সংগৃহীত ছবি

আগামী ১ নভেম্বর থেকে আবারও পর্যটকদের জন্য উন্মুক্ত হচ্ছে সেন্টমার্টিন দ্বীপ। প্রতিদিন সর্বোচ্চ দুই হাজার ভ্রমণার্থী যেতে পারবেন। নভেম্বর ও ডিসেম্বর মাসে শুধু দিনভ্রমণ সম্ভব হলেও জানুয়ারি ও ফেব্রুয়ারিতে রাত্রিযাপনের অনুমতি দেওয়া হবে। পর্যটন উন্নয়নে নতুন নীতিমালা প্রণয়ন এবং অবকাঠামো উন্নয়নে সরকার কাজ করছে বলে জানিয়েছে মন্ত্রণালয়।

বাংলাদেশের অন্যতম পর্যটনকেন্দ্র সেন্টমার্টিন দ্বীপ আবারও পর্যটকদের জন্য উন্মুক্ত করা হচ্ছে। বেসরকারি বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব নাসরীন জাহান বৃহস্পতিবার (২৫ সেপ্টেম্বর) বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে এ তথ্য জানান।

তিনি বলেন, আগামী ১ নভেম্বর থেকে ফেব্রুয়ারি পর্যন্ত দ্বীপে পর্যটকরা ভ্রমণ করতে পারবেন। তবে প্রতিদিন সর্বোচ্চ দুই হাজার মানুষ দ্বীপে যেতে পারবেন। প্রথম দুই মাসে পর্যটকদের শুধুমাত্র দিনভ্রমণের সুযোগ থাকবে। জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে দ্বীপে রাত্রিযাপন করার অনুমতি দেওয়া হবে।

এ সময় বিমান ও পর্যটন উপদেষ্টা শেখ বশীর উদ্দিন জানান, পর্যটন খাতের সম্ভাবনাকে কাজে লাগাতে সরকার ইতিমধ্যেই নীতিমালা প্রণয়নের কাজ শুরু করেছে। তিনি বলেন, পর্যটনের মানোন্নয়ন ও আধুনিকায়ন হলে এই খাত আরও এগিয়ে যাবে।

তিনি আরও উল্লেখ করেন, শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল এখনো চালু হয়নি। প্রায় ২১ হাজার কোটি টাকা বিনিয়োগকৃত এই বৃহৎ প্রকল্পটি যত দ্রুত সম্ভব চালুর জন্য নিরলসভাবে কাজ চলছে।